দৈনিক ইত্তেফাক

13

তারিখ 14 JUL 1996
পৃষ্ঠা

# অনুকূল পরিবেশ সৃষ্টি হইলেই ঢাকা মেডিকেল কলেজ খুলিয়া দেওয়া হইবে

অধ্যক্ষ

ঢাকা মেডিকেল কলেজে সম্প্রতি সংঘটিত অপ্রীতিকর ঘটনা সম্পর্কে কলেজের অধ্যক্ষ নিম্নোক্ত ব্যাখ্যা প্রদান করিয়াছেন : ঢাকা মেডিকেল কলেজের ৫০ বৎসর পূর্তি

(২য় পৃ: ৩-এর ক: দ্রঃ)

## অধ্যক্ষ

(১ম পৃঃ পর)

উপলক্ষে সুবর্ণ-জয়ন্তীর উদ্বোধনী অনুষ্ঠান গত ১০ই জুলাই কর্মসূচী মোতাবেক সকাল ৯টায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সালাউদ্দিন ইউসুফ যথারীতি উদ্বোধন করেন। উহার পর চা-চক্র ও এক বর্ণাঢ্য র‍্যালি অনুষ্ঠিত হয়। কিন্তু দুপুরের খাবার বিতরণকে কেন্দ্র করিয়া বেলা ২টার পর সংঘটিত একটি অবাঞ্ছিত ঘটনায় অনুষ্ঠানটি পণ্ড হইয়া যায়। অন্যদিকে পরিস্থিতির ক্রমাবনতি ও প্রাতিষ্ঠানিক শান্তিশৃংখলার স্বার্থে জরুরী ও বর্ধিত একাডেমিক কাউন্সিলের সভার সিদ্ধান্ত মোতাবেক কলেজ বন্ধ ঘোষণা করা হয়। কলেজের স্বাভাবিক অবস্থা ও সুষ্ঠু শিক্ষার পরিবেশ পুনঃ প্রতিষ্ঠানকল্পে কর্তৃপক্ষ প্রচেষ্টা অব্যাহত রাখিয়াছে। পরিস্থিতি ও পরিবেশ সুষ্ঠু শিক্ষার অনুকূলে আসার সঙ্গে সঙ্গে কলেজ পুনরায় খুলিয়া দেওয়া হইবে।--তথ্য বিবরণী